

মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ২৫৩

মুসনাদে উমার ইবনুল খাতাব (রাঃ) [উমারের বর্ণিত হাদিস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا يَحْيَى، عَنِ ابْنِ جُرَيْجٍ، حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ عَتِيقٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَابِيِّهِ عَنْ يَعْلَى
بْنِ أُمَيَّةَ، قَالَ: طَفَتُ مَعَ عُمَرَ بْنِ الْخَطَّابِ، فَلَمَّا كُنْتُ عِنْدَ الرُّكْنِ الَّذِي يَلِي الْبَابَ مِمَّا
يَلِي الْحَجَرَ، أَخَذْتُ بِيَدِهِ لِيَسْتَلِمَ، فَقَالَ: أَمَا طُفْتَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟
قُلْتُ: بَلَى، قَالَ: فَهَلْ رَأَيْتُهُ يَسْتَلِمُ؟ قُلْتُ: لَا، قَالَ: فَإِنْدَمْ عَنْكَ فَإِنَّ لَكَ فِي رَسُولِ اللَّهِ
أُسْوَةً حَسَنَةً

إسناده صحيح على شرط مسلم

وما قاله الشيخ أحمد شاكر رحمه الله في إعلال هذا الحديث بأن الأحاديث الصحاح ثبت فيها أن رسول الله استلم الحجر وأن عمر رأه وروى عنه ذلك، ليس بشيء فإن المراد بالركن هنا الذي أمر عمر بعدم استلامه إنما هو الركن الغربي الذي يلي الأسود وهو الركن الشامي. وانظر "القرى" للمحب الطبراني ص 288 وأخرجه أبو يعلى (182) من طريق يحيى، بهذا الإسناد

বাংলা

২৫৩। ইয়ালা বিন উমাইয়া বলেন, আমি উমার (রাঃ) এর সাথে তাওয়াফ করলাম। যখন আমি হাজরে আসওয়াদ সংলগ্ন দরজার নিকটে অবস্থিত রূকনে ইয়ামানীর নিকট উপস্থিত হলাম, তখন তার হাত ধরলাম, যাতে তিনি হাজরে আসওয়াদকে স্পর্শ করেন। তিনি বললেন, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে তাওয়াফ করনি? আমি বললাম, হ্যাঁ। তিনি বললেন, তাকে কি কখনো দেখেছ হাজরে আসওয়াদ [হাত দিয়ে] স্পর্শ করতে? আমি বললাম, না। তিনি বললেন, তাহলে (তাঁকে যা করতে দেখেছ তাই) কার্যকর কর। (অর্থাৎ চুম্বন কর।) কেননা আল্লাহর রাসূলের মধ্যেই তোমার জন্য উত্তম আদর্শ রয়েছে। (অর্থাৎ যখন ভীড় কর থাকে ও চুম্বন করার সামর্থ্য থাকে, তখন চুম্বন করাই উত্তম।)

[মুসনাদে আহমাদ-৩১৩, ৫১২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63077>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন